

প্রকল্পের অবস্থান



ভুলতা ফ্লাইওভার

ভিত্তিপ্রস্তর স্থাপন

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



পটভূমি

দ্রুত, নিরবচ্ছিন্ন ও নিরাপদ সড়ক পরিবহন টেকসই উন্নয়নের অন্যতম পূর্বশর্ত। দেশের অর্থনৈতিক উন্নয়নের চাকা দ্রুত গতিতে এগিয়ে চলছে। বাড়ছে মালামাল ও যাত্রী পরিবহনের চাপ। সম্প্রসারিত হচ্ছে বিদ্যমান শহর এবং ছোট বড় সকল প্রকার শিল্প ও ব্যবসা বাণিজ্য এলাকা। পাল্লা দিয়ে বাড়ছে যানবাহনের সংখ্যা। ব্যস্ত মহাসড়ক, বিশেষ করে ইন্টারসেকশনগুলো প্রতিনিয়ত হয়ে উঠছে আরও ব্যস্ততম। এ কারণে ইন্টারসেকশনগুলোতে বাড়ছে যানজট, যা টেকসই সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের অন্যতম অন্তরায়। ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতা বাজার তেমনি একটি গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম ইন্টারসেকশন এবং যানজটপ্রবণ এলাকা। এই ইন্টারসেকশনকে যানজটমুক্ত তথা যাতায়াত ব্যবস্থাকে দ্রুততর ও নিরবচ্ছিন্ন করার প্রয়াস হিসেবে ফ্লাইওভার নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে।




ভুলতা বাজার এলাকাটি দেশের অন্যতম দুটি জাতীয় মহাসড়ক অর্থাৎ ঢাকা-সিলেট ও ঢাকা বাইপাস মহাসড়ক এবং দুটি আঞ্চলিক মহাসড়ক অর্থাৎ ভুলতা-রূপগঞ্জ এবং ভুলতা-আড়াইহাজার মহাসড়কের সংযোগস্থল। তাছাড়া, দ্রুত সম্প্রসারমান ঢাকা শহরের পরিসীমায় অবস্থিত জেলা ও উপজেলাসমূহের যোগাযোগের ক্ষেত্রে মহাসড়কসমূহের সংযোগস্থলের এ স্থানটি খুবই গুরুত্বপূর্ণ। যোগাযোগ ব্যবস্থার সুবিধাজনিত কারণে ভুলতা বাজার এলাকাটি বর্তমানে দেশের অন্যতম একটি বাণিজ্যিক কেন্দ্রে পরিণত হয়েছে।

অন্যদিকে, ভুলতা বাজার এলাকাটি এশিয়ান হাইওয়ে রুট-১ (AH1: বেনাপোল-যশোর-নড়াইল-কালনা-ভাটিয়াপাড়া-ভাংগা-মাওয়া-ঢাকা-সিলেট-তামাবিল)-এর উপর অবস্থিত হওয়ায় নিকট ভবিষ্যতে আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, পণ্য পরিবহন ও আমদানি-রপ্তানি বাণিজ্যের প্রসারের কারণে স্থানের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

জনসাধারণের দীর্ঘদিনের প্রত্যাশা অনুযায়ী ভুলতা বাজার এলাকায় যানজট নিরসনের লক্ষ্যে গত ২৯-১০-২০১৩ তারিখে একনেক বৈঠকে ২৩৯.৭৭ কোটি টাকা ব্যয়ে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ভুলতা ফ্লাইওভার নির্মাণ প্রকল্প অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়িত হলে, কোন ধরনের যানজট ছাড়াই রাজধানী ঢাকা থেকে সিলেট এবং বন্দর নগরী চট্টগ্রাম থেকে উত্তরাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলে পণ্য ও যাত্রী পরিবহন অধিকতর সহজ ও গতিশীল হবে। ফলে প্রকল্প এলাকাসহ জাতীয়ভাবে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পাবে এবং সার্বিকভাবে জীবনযাত্রার মান উন্নয়নসহ শিল্পায়নে গতি সঞ্চারিত হবে।

বর্তমান সরকার ধারাবাহিকভাবে দ্বিতীয় মেয়াদে দায়িত্বভার গ্রহণ করে দেশের অর্থনৈতিক উন্নয়নকে আরও গতিশীল করার লক্ষ্যে যানজটমুক্ত যোগাযোগ ব্যবস্থার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। নির্মিতব্য ফ্লাইওভারটি গতিশীল যোগাযোগ ব্যবস্থার একটি অন্যতম মাইলফলক।

ভুলতা ফ্লাইওভারের ত্রিমাত্রিক চিত্র



প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প সমাপ্তির তারিখ	: জুন ২০১৭
প্রকল্প ব্যয়	: ২৩৯.৭৭ কোটি টাকা
প্রকল্পের অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফ্লাইওভারের অবস্থান	: ঢাকা-সিলেট মহাসড়কের ২৫তম কিলোমিটারে ভুলতা নামক স্থানে
ফ্লাইওভারের ধরণ	: পাইল ফাউন্ডেশনের উপর রি-ইনফোর্সড কংক্রিট বক্স গার্ডার
দৈর্ঘ্য	: ১২৩৮.০০ মিটার
প্রস্থ	: ১৭.২০ মিটার (৪-লেন বিশিষ্ট)
স্প্যান সংখ্যা	: ২৮ টি
পিয়ার সংখ্যা	: ২৭ টি
এ্যাভার্টমেন্ট সংখ্যা	: ০২ টি
ফাউন্ডেশনের ধরণ	: কাস্ট-ইন-সিটু বোরড পাইল
সুপারস্ট্রাকচারের ধরণ	: রি-ইনফোর্সড কংক্রিট বক্স গার্ডার
ভার্টিকেল ক্লিয়ারেন্স	: ৫.৭০ মিটার ন্যূনতম (১৮.৭০ ফুট)
বর্তমান অগ্রগতি	: জরীপ ও নকশা প্রণয়ন সম্পন্ন দরপত্র আহ্বান করা হয়েছে